

2024/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC-401T/069

TDC (CBCS) Even Semester Exam., 2024

BENGALI

(Honours)

(4th Semester)

Course No. : BNGHCC-401T

(বিশ শতকের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : (২×২=৪)

(ক) 'সাম্যবাদী' কবিতাটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? কবি কাকে দুয়ার খোলার জন্য আহ্বান জানিয়েছেন?

(খ) নজরুল ইসলাম কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন? নজরুল ইসলাম সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো।

(গ) 'জীবনবন্দনা' কবিতাটি নজরুলের কোন্ কাব্যের অন্তর্গত? 'কৃপমন্ডুক' শব্দের অর্থ কী?

(2)

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) “সমস্ত সীমাবদ্ধতা, সংকীর্ণতা পরিত্যাগ করে সৃষ্টির যে সুখ তার উল্লাসই আলোচ্য কবিতার কেন্দ্রীয় মর্মবস্তু।”
‘আজ সৃষ্টি-সুখের উল্লাসে’ কবিতাটি সম্পর্কে মন্তব্যটি কতখানি গ্রহণযোগ্য, আলোচনা করো।
- (খ) “নজরুল ইসলামের ‘মানুষ’ কবিতায় মানুষের পবিত্রতা ও শ্রেষ্ঠত্ব ঘোষণার সর্বোত্তম চূড়ান্ত প্রকাশ লক্ষ্য করা যায়।” এই মন্তব্যের আলোকে ‘মানুষ’ কবিতাটি পর্যালোচনা করো।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

- (ক) হোসেন মিঞার বাড়ি কোন্ অঞ্চলে ছিল? হোসেন মিঞা কোন্ দ্বীপে উপনিবেশ গড়ে তুলতে চেয়েছিল?
- (খ) কুবেরের মাছ ধরার দুজন সঙ্গীর নাম লেখো।
- (গ) কপিলার স্বামীর নাম কী? কোন্ গ্রামে কপিলার বিয়ে হয়েছিল?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।
- (খ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে কপিলা চরিত্রটি বিশ্লেষণ করো।

24J/1015

(Continued)

(3)

UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

- (ক) সম্রাট সাজাহানকে কোন্ দুর্গে বন্দি করে রাখা হয়েছিল? তাঁর পত্নীর নাম কী ছিল?
- (খ) ‘সাজাহান’ নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? এই নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে?
- (গ) দ্বিজেন্দ্রলাল রায়ের লেখা ‘সাজাহান’ ছাড়া অন্য দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) ঐতিহাসিক নাটক হিসেবে ‘সাজাহান’ নাটকের সার্থকতা আলোচনা করো।
- (খ) “প্রকৃতপক্ষে যিনি কাহিনির মধ্যস্থলে বিরাজ করিয়া সমস্ত চরিত্রকে নিয়ন্ত্রিত ও নিয়মিত করিতেছেন, তিনি ঔরঞ্জীব।” এই উক্তির আলোকে ঔরঙ্গজীব চরিত্রটি বিশ্লেষণ করো।

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

- (ক) গফুর জেলার বাড়ি কোথায় ছিল? জমিদার শিবচরণ বাবুর পুরোহিতের নাম কী?
- (খ) ‘ফসিল’ শব্দের অর্থ কী? ‘ফসিল’ গল্পের ঘটনাগুলোর নাম লেখো।
- (গ) ‘তারিণী মাঝি’ গল্পে উল্লিখিত নদীটির নাম কী? তারিণীর স্ত্রীর নাম কী ছিল?

24J/1015

(Turn Over)

(4)

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'পুঁইমাচা' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।
- (খ) "যে তোমার দেওয়া মাঠের ঘাস, তোমার দেওয়া তেঁটার জল তাকে খেতে দেয়নি, তার কসুর তুমি যেন কখনো মাপ করো না।" 'মহেশ' গল্প অবলম্বনে গফুরের এই মর্মবেদনার চিত্রটি নিজের ভাষায় প্রকাশ করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

- (ক) 'শ্রীমধুসূদন' নাটকটি কার লেখা? এই নাটকে কয়টি দৃশ্য রয়েছে?
- (খ) 'শ্রীমধুসূদন' নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে? নাটকের প্রথম দৃশ্যে মধুসূদনের বয়স কত বলা হয়েছে?
- (গ) 'শ্রীমধুসূদন' নাটক অবলম্বনে মধুসূদনের দুইজন বন্ধুর নাম লেখো।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'শ্রীমধুসূদন' নাটকে উনিশ শতকের যে সমাজচিত্র ফুটে উঠেছে তার পরিচয় দাও।
- (খ) 'শ্রীমধুসূদন' নাটক অবলম্বনে মাইকেল মধুসূদনের ঘটনাবহুল ও যন্ত্রণাদীর্ঘ জীবনের চিত্রটি পরিস্ফুট করো।

★ ★ ★

2024/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC-401T/069

24J—840/1015